**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 13-08-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## Tiranga Rally-CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল আগরতলায় হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসাবে রাজ্যভিত্তিক তিরঙ্গা র‍্যালির উদ্বোধন করেন। তিরঙ্গা র‍্যালিটি উজ্জয়ন্ত প্রাসাদের সামনে থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমার পর রবীন্দ্র শতবার্ষিকী ভবনে এসে শেষ হয়।রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গনে অনুষ্ঠিত হয় তিরঙ্গা কনসার্ট ও তিরঙ্গা মেলা। এই মেলা আগামীকাল পর্যন্ত চলবে।অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ২০২২ সালে 'আজাদী কা অমৃত মহোৎসব' এর অঙ্গ হিসাবে 'হর ঘর তিরঙ্গা' কর্মসূচির সূচনা করেন। এই কর্মসূচির মূল উদ্দেশ্য হল দেশবাসীর মধ্যে দেশাত্মবোধ জাগিয়ে তোলা।

***********************

## PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভারতের বৈজ্ঞানিক নেতৃত্ব এবং বিশ্বব্যাপী সহযোগিতায় গুরুত্ব আরোপ করেছেন | গতকাল জ্যোতির্বিদ্যা এবং জ্যোতির্পদার্থবিদ্যা বিষয়ক ১৮তম আন্তর্জাতিক অলিম্পিয়াডের উদ্বোধনী অনুষ্ঠানে প্রচারিত এক ভিডিও বার্তায় প্রধানমন্ত্রী একথা বলেছেন।

তিনি জোর দিয়ে বলেন, ভারত বৈজ্ঞানিক কৌতূহলে উৎসাহদান এবং তরুণদের ক্ষমতায়িত করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। তিনি আরো বলেন, অটল টিঙ্কারিং ল্যাবগুলিতে হাতে-কলমে ১ কোটিরও বেশি শিক্ষার্থী বিজ্ঞান, প্রযুক্তি, ইন্জিনিয়ারিং ও গণিত বা STEM-এর ধারণা নিচ্ছে।

৬৪টি দেশের ৩০০ -রও বেশি অংশগ্রহণকারীর সামনে ভার্চুয়াল বক্তব্যে শ্রী মোদী বলেন, ভারত সহযোগিতার শক্তিতে বিশ্বাস করে এবং এই অলিম্পিয়াড সেই চেতনাকে প্রতিফলিত করে।

**************************

**CM-Youth Day :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা এইডস, এইচ.আই.ভি ও ড্রাগসের বিরুদ্ধে সচেতনতা তৈরি করতে রাজ্যের প্রায় ১,২০০ স্কুলে ছাত্রছাত্রীদের নিয়মিত ক্লাসের সূচনা করেছেন| গতকাল আগরতলার প্রজ্ঞাভবনে আন্তর্জাতিক যুব দিবস উপলক্ষে আয়োজিত 'বেল অফ এওয়ারনেস' শীর্ষক এক অনুষ্ঠানে তিনি এই কর্মসূচীর সূচনা করেন। অষ্টম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ২ লক্ষ ৩১ হাজারেও বেশি ছাত্র ছাত্রী এই সচেতনতামূলক ক্লাসের আওতায় আসবে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী এইচ.আই.ভি, এইডস রোগ ও শিরা পথে নেশাদ্রব্য গ্রহনের বিরুদ্ধে ছেলেমেয়েদের সচেতন করতে, অভিভাবকদের আরও দায়িত্বশীল ভুমিকা নিতে বলেন।

***************BYTE **************

পাশাপাশি রাজ্য সরকারের এই উদ্যোগকে ঐতিহাসিক বলে বর্ণনা করে মুখ্যমন্ত্রী জানান, সম্ভবত সারা দেশের মধ্যে ত্রিপুরাতেই প্রথম এই ধরনের ক্লাস শুরু হল।

***************************

## NITI AYOG - MEGA TINKERING DAY :

নীতি আয়োগের উদ্যোগে গতকাল 'মেগা টিঙ্কারিং ডে' উদযাপিত হয়। এই আয়োজনে ৩৫টি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের অটল টিঙ্কারিং ল্যাব (ATL) থেকে ১০ হাজারেরও বেশি শিক্ষার্থীরা যোগ দেন | দেশব্যাপী ভার্চুয়ালভাবে এবং একযোগে অনুষ্ঠিত এই কর্মসূচিতে ৯ হাজারেরও বেশি স্কুলের সাড়ে চার লক্ষেরও বেশি শিক্ষার্থী অংশগ্রহণ করে। উচ্চাকাঙ্ক্ষী জেলাগুলির প্রত্যন্ত গ্রামের স্কুলগুলিও এই অনুষ্ঠানে যোগ দিয়েছে বলে নীতি আয়োগ জানিয়েছে l

*********************

## Tripura University :

ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ে আয়োজিত উত্তর-পূর্ব ভারতে ন্যায় বিচার ও আইনের শাসন প্রসঙ্গে দুদিনের জাতীয় সেমিনার গতকাল শেষ হয়েছে। সেমিনারে বিনামূল্যে আইনসেবা ক্লিনিকের প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা করেন ত্রিপুরা হাইকোর্টের প্রাক্তন বিচারপতি স্বপন চন্দ্র দাস এবং পশ্চিম জেলা আইনসেবা কর্তৃপক্ষের সচিব অমরজিৎ দে। বিচারপতি শ্রী দাস আলোচনায়, তিনি বিচারপতি থাকার সময় কিভাবে রাজ্যে বিভিন্ন গ্রামে আইনসেবা ক্লিনিক খোলা

হয়েছিল, এই বিষয়ে উল্লেখ করেছেন। তিনি লোক আদালতের মাধ্যমে সহজে মামলার নিষ্পত্তি করতে রাজ্য সফল বলেও জানিয়েছেন। আলোচনায় শ্রী দে বলেন, পশিচম জেলায় প্রায় সব গ্রামে বিনামূল্যে আইনসেবা ক্লিনিকের সুবিধা রয়েছে। এদিকে, সেমিনারের প্রথম দিনে আলোচনা করেন ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি ডঃ টি অমরনাথ গৌড়, ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক গঙ্গা প্রসাদ প্রসেইন প্রমুখ।

**********************

**CM-Courtesy Meet :**

রাষ্ট্রায়ত্ব নির্মান সংস্থা N.H.I.D.C.L এর ম্যানেজিং ডিরেক্টর কৃষ্ণ কুমার গতকাল আগরতলায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। খোয়াই-কমলপুর সড়কের বিভিন্ন অংশে সড়কের অবস্থা পর্যবেক্ষণে তিনি রাজ্যে এসেছেন।

*************************

**TPGL :**

ত্রিপুরা পাওয়ার জেনারেশন লিমিটেড বা টি.পি.জি.এল সিপাহীজলা জেলার রুখিয়ায় ১২০ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন কম্বাইন্ড সাইকেল গ্যাস টারবাইন বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের উদ্যোগ নিয়েছে| এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের অর্থায়নে এই বিদ্যুৎ কেন্দ্র পরিবেশবান্ধব প্রযুক্তি ব্যবহার করে অতিরিক্ত জ্বালানি ব্যয় ছাড়াই বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা বাড়াবে এবং সাশ্রয়ী মূল্যে ভোক্তাদের বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করবে। ১ হাজার ১১৯ কোটি ৩০ লক্ষ টাকা

ব্যয়ে এই প্রকল্পটি স্থাপনের দায়িত্ব পেয়েছে হায়দ্রাবাদের একটি সংস্থা | রাজ্য বিদ্যুৎ নিগম সুত্রে গতকাল এখবর জানা গেছে|

*******************

## National Librarian Day :

গ্রন্থাগারের জনক ডক্টর এস আর রঙ্গনাথনের জন্মদিন উপলক্ষ্যে গতকাল উদয়পুর নজরুল গ্রন্থগারে জাতীয় গ্রন্থাগার দিবস পালিত হয়। এ উপলক্ষ্যে এক আলোচনা সভায় জাতীয় গ্রন্থাগার দিবসের তাৎপর্য নিয়ে বক্তব্য রাখেন সাংবাদিক স্বপন কুমার ভট্টাচার্য, বিবেকানন্দ বিদ্যাপীঠ স্কুলের প্রধান শিক্ষক শ্যামসুন্দর দত্ত প্রমুখ |

***********************

## Barsha Mangal Utsab :

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে গতকাল খোয়াই পুরাতন টাউন হলে জেলাভিত্তিক বর্ষা মঙ্গল উৎসব ও অশ্বিনী স্মৃতি শাস্ত্রীয় তবলা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সভানেত্রী অপর্ণা সিংহ রায় প্রমুখ।

**********************

## Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন| এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৫তম পর্ব| বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

**********************

**FIRST DIVISION :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতায় গতরাতের জুয়েলস এসোসিয়েশন ও লালবাহাদুর ব্যায়ামাগারের খেলাটি ড্র হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলাটি ১-১ গোলে শেষ হয়। ফলে উভয় দল এক পয়েন্ট করে পায়।

***********************

## Weather :

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। বিক্ষিপ্তভাবে দু`এক পশলা বজ্র বিদ্যুত সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে | আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস। গত ২৪ ঘন্টায় বৃষ্টিপাতের পরিমান ৪২.২ মিলিমিটার | এদিকে, দক্ষিন জেলায় ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে |

******************

******************